

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

(প্রশাসন শাখা)

www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-১৭৭

-এ,

তারিখঃ ২৮ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
১২ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি


বিষয়ঃ দৈনন্দিন মামলার কার্যতালিকা (কজ-লিস্ট) মুদ্রণ সম্ভবপর না হওয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, তেজগাঁও, ঢাকা হতে উপপরিচালক কর্তৃক প্রেরিত ০২/০৩/২০২০ খ্রি. পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দৈনন্দিন কার্যতালিকা (কজ-লিস্ট) প্রকাশের অন্যতম উপাদান পি.এস. প্লেট শেষ হয়ে গিয়েছে। তাছাড়া, করোনা ভাইরাসের কারণে আমদানীকারকগণ চীন হতে পি.এস. প্লেট আমদানী করতে পারছেন না বলে উক্ত পত্রে জানানো হয়েছে। এ অবস্থার অবসান হতে কত দিন সময় লাগবে তা অনুমান করা সম্ভব হচ্ছে না এবং পি.এস. প্লেট সরবরাহ না হলে দৈনন্দিন কার্যতালিকা (কজ-লিস্ট) মুদ্রণ কার্য চালিয়ে নেওয়া সম্ভব হবে না মর্মে বর্ণিত পত্রে উল্লেখ করা হয়েছে।

বর্ণিত অবস্থার প্রেক্ষাপটে আগামী ১৫/০৩/২০২০ খ্রি. হতে পি.এস. প্লেট সরবরাহ না হওয়া পর্যন্ত সময়কালে গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের দৈনন্দিন কার্যতালিকা (কজ-লিস্ট) মুদ্রণ করতে পারছে না বিধায় সুপ্রীম কোর্ট কর্তৃপক্ষ আন্তরিকভাবে দুঃখিত।

উক্ত সময়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশিত অনলাইন কজ-লিস্ট ব্যবহার করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। একই সঙ্গে দৈনন্দিন কার্যতালিকা (কজ-লিস্ট) মুদ্রণের দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মাননীয় প্রধান বিচারপতির সানুগ্রহ আদেশক্রমে


(মোঃ আকবর)
রেজিস্ট্রার জে নারেল

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. বিজ্ঞ অ্যাটর্নি-জেনারেল, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়, ঢাকা।
২. সভাপতি, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি, ঢাকা।
৩. সাধারণ সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি, ঢাকা। [সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ।]
৪. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। [ওয়েবসাইটে প্রকাশের জন্য।]
৬. বেঞ্চ অফিসার (সকল), [অনলাইন থেকে স্ব-স্ব কোর্টের কজ-লিস্ট প্রিন্ট করে কোর্টের সামনে টাঙ্গানোর জন্য।]
৭. ব্যক্তিগত কর্মকর্তা টু মাননীয় বিচারপতি (সকল), [মাননীয় বিচারপতি মহোদয়ের নিকট উপস্থাপনের জন্য।]
৮. সুপারিনটেনডেন্ট, বেঞ্চ ও ডিক্রী শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৯. নোটিশ বোর্ড।